দৈনিক সংবাদ

তারিখ ... ৫-JAN 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

02

সরকারী স্কুলে ভর্তি

# ২৪শে জানুয়ারী পরীক্ষার ফল

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল রোববার রাজধানীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি হতে ইচ্ছুক ১৩ হাজার ৮শ' ৩৭ জন

(৭-এর পাতায় দেখুন)

## সরকারী স্কুলে

(১ম পাতার পর)

পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিয়েছে। এর মধ্যে ৩ হাজার ২শ' ৯০ জনকে ভর্তির জন্য মনোনীত করা হবে। এই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ১৪ হাজার ১শ' ৪৮ জন আবেদন দাখিল করে। এর মধ্যে ৩শ' ১১ জন গতকাল ভর্তি পরীক্ষায় অংশ নেয়নি। আগামী ২৪শে জানুয়ারী ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

ভর্তি পরীক্ষা গ্রহণের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ জানান, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে প্রথম ও সপ্তম শ্রেণীতে ভর্তিচ্ছুদের সংখ্যাই বেশী।